**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল লুমিনেট NY অ্যাক্সিলারেটর প্রতিযোগিতার রাউন্ড 5-র বিজয়ী ঘোষণা করলেন

***লিডরোটেক 1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ পাবে; আরো চারটি কোম্পানি ফলো-অন বিনিয়োগ পাওয়া নিশ্চিত করেছে***

***এখন অপটিক্স, ফোটোনিক্স, এবং ইমেজিং প্রতিযোগিতার রাউন্ড 6-র জন্য আবেদন গ্রহণ শুরু হয়েছে এবং 9 জানুয়ারি, 2023 পর্যন্ত তা চলবে***

***NYS বিনিয়োগের পরিপূরকগুলি "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" - সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে সমৃদ্ধি করতে অঞ্চলটির বিস্তৃত কৌশল***

***লুমিনেট NY বিজয়ীদের ছবি উপলভ্য আছে এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে লিডরোটেককে (Lidrotec ) লুমিনেট NY (Luminate NY) অপটিক্স, ফোটোনিক্স, এবং ইমেজিং (optics, photonics, and imaging, OPI) স্টার্টআপ অ্যাক্সিলারেটর প্রতিযোগিতার রাউন্ড 5-র বিজয়ী ঘোষণা করেছেন। জার্মানির বোকামভিত্তিক লিডরোটেক লুমিনেট ফাইনালস 2022-এ "বছরের সেরা কোম্পানি" পুরস্কার লাভ করেছে, অনুষ্ঠানটি রচেস্টারের অপটিক্স + লেজার বিজ্ঞান কনফারেন্সের (Optics + Laser Science conference) অপটিকার ফ্রন্টিয়ার্সের (Optica's Frontiers) সময় লাইভ আয়োজন করা হয়েছে। কোম্পানিটি ফিঙ্গার লেকস ফরোয়ার্ড আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগের (Finger Lakes Forward Upstate Revitalization Initiative) মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট থেকে 1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ পাবে। পুরস্কারটির আবশ্যিকতা অনুযায়ী, প্রতিযোগিতার সকল বিজয়ীদের কমপক্ষে পরবর্তী 18 মাস এই অঞ্চলে কর্মকাণ্ড পরিচালনা করার প্রতিশ্রুতি দিতে হবে। লুমিনেট NY-র মাধ্যমে, লিডরোটেক AIM ফোটোনিক্সের (AIM Photonics) কাছে উপস্থাপিত হয়েছে। এই সহযোগিতা লিডরোটেককে এর প্রযুক্তির পরবর্তী সংস্করণ বিকাশ করার অবকাঠামো গঠন করতে এবং মার্কিন যুক্তরাষ্ট্রে কর্মকাণ্ড স্থাপন করার এর পরিকল্পনাকে সাহায্য করছে। নেক্সটকর্পস (NextCorps) দ্বারা পরিচালিত লুমিনেট NY (Luminate NY) হলো স্টার্টআপ সংস্থাগুলির জন্য বিশ্বের বৃহত্তম ব্যবসায়িক উদ্দীপক যাদের অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং সক্ষমিট প্রযুক্তি রয়েছে। ফাইনালস ইভেন্টটি কোহর্টভিত্তিক এই কর্মসূচির পঞ্চম

বছর পূর্তি করলো। এর আগে এই বছরে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের বাজেটে আরো চার ধারাবাহিক বছরের জন্য লুমিনেট NY-র তহবিল অন্তর্ভুক্ত করেছেন।

"নিউ ইয়র্ক অত্যাধুনিক প্রযুক্তিগত গবেষণার স্থান, কারণ আমরা আমাদের লুমিনেট NY প্রতিযোগিতার মাধ্যমে এখানে দারুণ প্রতিভা ও সুযোগকে স্বাগত জানিয়ে থাকি," **গভর্নর হোকল বলেন।** "আমরা ফিঙ্গার লেকস অঞ্চলের অতুলনীয় ইমেজিং ও অপটিক্স ইতিহাসের আরেকটি অধ্যায় যোগ করছি এখানে সর্বাধিক সম্ভাবনাময় কোম্পানিগুলিকে নিয়ে এসে যাতে করে যুগান্তকারী প্রযুক্তির বাণিজ্যিকীকরণ দ্রুত করা যায়। আজকের বিজয়ীরা দেশের সবথেকে বলিষ্ঠ, অত্যাধুনিক এবং উচ্চমাত্রায় সংহত অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং সরবরাহ চেইনের সুবিধা গ্রহণ করতে পারবে যা এখানে তাদের ব্যবসা স্কেল করার জন্য বিদ্যমান রয়েছে, যার ফলে তাদের এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির প্রবৃদ্ধি হবে।"

লিডরোটেকের পেটেন্টের অপেক্ষায় থাকা সেমিকন্ডাক্টর শিল্পখাতের জন্য ওয়েফার-ডাইসিং লেজার প্রযুক্তি প্রায় 0% ক্ষয়ের হারসহ আরো চিকন কাটা সম্ভব করে, যা উল্লেখযোগ্যভাবে খরচ সাশ্রয় করে এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করে। এর উদ্ভাবন হলো লেজার প্রক্রিয়াজাতকরণ জোনে তরলের দক্ষ ব্যবহার যা লেজার খান চিপস কাটতে থাকে তখন তা ঠাণ্ডা করে ও ভেজায়। এর ফলে যে লাভ হয় তার মধ্যে রয়েছে আরো চিকন করে আরো নিখুঁতভাবে কাটা, উপাদানের কোনও ক্ষতি না হওয়া, অবশিষ্টাংশ ছাড়া পরিষ্কার সমতল, এবং প্রক্রিয়াজাতকরণের দ্রুততর গতি, এর সব হতে পারে উৎপাদনের প্রক্রিয়া পরিবর্তনের প্রয়োজন ছাড়াই।

**লিডরোটেকের প্রধান নির্বাহী কর্মকর্তা আলেক্সান্ডার ইগলম্যান বলেন,** "লুমিনেট আমাদেরকে মার্কিন যুক্তরাষ্ট্রে সরবরাহকারী ও ক্লায়েন্টদের সাথে যোগাযোগের তথ্যসহ নতুন নেটওয়ার্ক প্রদান করেছে। এইসব অত্যাবশ্যকীয় সংযোগ আমাদেরকে আগামী দুই বছরের আমাদের বিকাশের মাইলফলক অর্জন করতে দিবে যার মধ্যে রয়েছে আমাদের নভেল লেজার প্রযুক্তির বাজার যাচাইকরণ।"

জার্মানির মিউনিখভিত্তিক কাস্টম সার্জিক্যাল (Custom Surgical) আউটস্ট্যান্ডিং গ্র্যাজুয়েট পুরস্কার এবং ফলো-অন বিনিয়োগ হিসেবে 500,000 মার্কিন ডলার পেয়েছে। এছাড়াও তারা 10,000 মার্কিন ডলারের অডিয়েন্স চয়েস পুরস্কার পেয়েছে। কোম্পানিটি সার্জারিকে আধুনিকায়িত করছে মেডিকেল ইমেজ রেকর্ড, স্টোর এবং শেয়ার করার এবং তা ব্যবহার করে রোগ নির্ণয় ও রোগীর চিকিৎসা করার একটি কার্যকরী উপায় প্রদান করার মাধ্যমে। মেলবোর্ন, FL-র অ্যালার্টজি (Alertgy) ডিস্টিংগুইশড গ্র্যাজুয়েট পুরস্কার এবং 250,000 মার্কিন ডলার পেয়েছে এর প্রযুক্তির জন্য, যা ডায়াবেটিক এবং বিশ্বে 2 বিলিয়ন প্রাক-ডায়াবেটিকদের চাহিদামত নন-ইনভেসিভভাবে নিজেদের রক্তে গ্লুকোজের মাত্রা পর্যবেক্ষণ করার একটি উপায় প্রদান করে।

অনারেবল অ্যাচিভমেন্টের জন্য যৌথ পুরস্কার পেয়েছে স্পেনের বার্সেলোনার মিটঅপটিক্স (MEETOPTICS) এবং আলেক্সান্ড্রিয়া, VA-র স্কাউট (SCOUT), প্রত্যেকে 125,000 মার্কিন ডলার পেয়েছে। মিটঅপটিক্স একটি কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (Artificial Intelligence, AI) প্ল্যাটফর্ম তৈরি করছে যা অপটিক্স এবং ফোটোনিক্স শিল্পখাতের প্রকৌশলী এবং গবেষকদের বিশ্বস্ত

প্রস্তুতকারকদের কাছ থেকেই অনলাইনে দ্রুত পণ্য ও প্রযুক্তি পেতে এবং তুলনা করতে সাহায্য করবে। স্কাউট টেরেস্ট্রিয়াল সেন্সিং প্যারাডাইমের বিকল্প প্রদান করছে একটি অন-অরবিট ইমেজিং সিস্টেম এবং মহাকাশের বস্তু ও অরবিটাল ডেবরির স্বয়ংক্রিয় সনাক্তকরণ, ট্র্যাকিং এবং বৈশিষ্ট্য নির্ধারণকারী অটোনমি সফটওয়্যার দ্বারা।

আজকের বিনিয়োগগুলি প্রদান করার পূর্বে অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং শিল্পখাত (optics, photonics, and imaging, OPI), এবং ভেঞ্চার ক্যাপিটালিস্ট সম্প্রদায়ের বিচারকদের একটি প্যানেল অংশগ্রহণকারী কোম্পানিগুলিকে তাদের ব্যবসার পিচ এবং ছয় মাসের অ্যাসিলেটর কর্মসূচি চলাকালে তাদের পিচের স্বপক্ষে করা কাজের উপর ভিত্তি করে নম্বর প্রদান করেছে।

এর সূচনার পর থেকে, লুমিনেট NY 54টি স্টার্টআপের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। এই পোর্টফোলিওর কোম্পানিগুলি এখন সব মিলিয়ে 400 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্য রয়েছে। বিনিয়োগের আনুমানিক 1.5 থেকে 2 গুণ অর্থ অর্জনের পাশাপাশি, কোম্পানিগুলির মধ্যে অনেকগুলিই মার্কিন কর্মকাণ্ড বা গবেষণা ও প্রস্তুতের কিছু ক্ষেত্র রচেস্টার অঞ্চলে স্থাপন করছে, যার ফলে 150টি চাকরি তৈরি হয়েছে (100টি পূর্ণকালীন এবং 20টি চুক্তিভিত্তিক), এবং দুইটি কোম্পানি নিকট ভবিষ্যতে আরো 120টি চাকরি যোগ করবে বলে ধারণা করা যাচ্ছে। গত বছরের বিজয়ী, প্রিঅ্যাক্ট টেকনোলজিস (PreAct Technologies) এর পাইলট, হাইটেক উৎপাদন রচেস্টারে স্থাপন করবে বলে প্রতিশ্রুতিবদ্ধ আছে, যা 60টি চাকরি তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

**লুমিনেট NY-র ব্যবস্থাপনা পরিচালক ডাঃ সুজাতা রামানুজন বলেন,** "এই অ্যাক্সিলারেটরটি প্রারম্ভিক পর্যায়ে থাকা কোম্পানিগুলিকে তাদের প্রযুক্তি বাজারজাত করার এবং মার্কিন যুক্তরাষ্ট্র ও বিশ্বের বাজারে তাদের ব্যবসা সম্প্রসারিত করার জন্য প্রয়োজনীয় অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করছে। আমরা এই কর্মসূচি অব্যাহত রাখার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

লুমিনেট NY অ্যাক্সিলারেটর রচেস্টারে অবস্থিত এবং ছয় মাসের কর্মসূচিতে অংশগ্রহণের জন্য প্রতি বছর দশটি সম্ভাবনাময় কোম্পানি নির্বাচন করে। এই সময়ে, কোম্পানিগুলিকে তাদের প্রযুক্তি এবং ব্যবসা অগ্রসর করার জন্য ব্যাপক প্রশিক্ষণ এবং রিসোর্স প্রদান করা হয়। রাউন্ড 6-র জন্য এখন আবেদন গ্রহণ করা হচ্ছে এবং তা 9 জানুয়ারি, 2023 পর্যন্ত চলবে। যেই দলগুলি বাস্তবে রচেস্টারের অবস্থান করতে পারবে, তারা 2023 সালের এপ্রিলে কর্মসূচি শুরু হওয়ার সময় 100,000 মার্কিন ডলার তহবিল পাবে। যেই দলগুলি যাতায়াত ও ভিসা সীমাবদ্ধতার কারণে রচেস্টারে আসতে পারবে না তারা কর্মসূচি শুরু হলে 50,000 মার্কিন ডলার তহবিল পাবে এবং অ্যাক্সিলারেটরে তাদের সময় চলাকালে আরো 50,000 মার্কিন ডলার পাবে যা অবশ্যই ফিঙ্গার লেকস অঞ্চলে সংস্থান নিযুক্ত করতে ব্যবহার করতে হবে।

ফিঙ্গার লেকস অঞ্চলটিতে অগ্রগামী চিন্তার উদ্যোক্তা, যারা নিজেকে ব্যবসার বিকাশ করছে চাইছে, তাদের একটি অত্যন্ত সমৃদ্ধ ইকোসিস্টেম রয়েছে। রচেস্টারে রয়েছে ইস্টম্যান বিজনেস পার্কে (Eastman Business Park) ইন্টিগ্রেটেড ফোটোনিক্স টেস্ট, অ্যাসেম্বলি, এবং

মোড়কজাতকরণ উৎপাদনের আমেরিকান ইনস্টিটিউটের (merican Institute for Manufacturing Integrated Photonics' Test, Assembly, and Packaging) ফ্যাসিলিটি, রচেস্টার ইউনিভার্সিটির (University of Rochester) অপটিক্স ইনস্টিটিউট (Institute of Optics), রচেস্টার টেকনোলজি ইনস্টিটিউট (Rochester Institute of Technology), এবং 150টির বেশি স্থানীয় OPI কোম্পানি যারা 17,000-র বেশি মানুষকে চাকরি দিয়েছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "লুমিনেট NY প্রতিযোগিতার উদ্ভাবন ত্বরান্বিত করার এবং নিউ ইয়র্কের বিশ্বে সুপরিচিত অপটিক্স, ফোটোনিক্স, এবং ইমেজিং শিল্পখাতে বিনিয়োগ করাতে নিবিড় মনোযোগ ফিঙ্গার লেকসকে একটি OPI কেন্দ্র হিসেবে আরো প্রতিষ্ঠিত করেছে। সকল ফাইনালিস্টদের এবং বিশেষ করে রাউন্ড 5 বিজয়ী লিডরোটেককে অভিনন্দন, যার প্রযুক্তি নিউ ইয়র্কের সেমিকন্ডাক্টর উৎপাদনের শক্তির সম্পূরক। আমরা এই অগ্রগামী চিন্তার কোম্পানিগুলি আমাদের অঞ্চলে কী প্রবৃদ্ধি ও প্রভাব আনবে তা দেখতে উন্মুখ।"

**স্টেটের সিনেটর জেরেমি কুনি বলেন,** "লুমিনেট NY আমাদের গ্রেটার রচেস্টার অঞ্চলে তাদের অ্যাক্সিলারেটর প্রতিযোগিতার মাধ্যমে মানসম্পন্ন চাকরি নিয়ে আসা অব্যাহত রেখেছে, এবং এই রাউন্ডের বিজয়ীরাও তার ব্যতিক্রম নয়। আমি এই কোম্পানিগুলি আমাদের এলাকায় যেই প্রযুক্তি, স্বাস্থ্য, সুস্থতা, এবং বৈজ্ঞানিক আবিষ্কারের উন্নয়ন নিয়ে আসবে তার জন্য কৃতজ্ঞ। ধন্যবাদ গভর্নর হোকল, ফিঙ্গার লেকস ফরোয়ার্ড, এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে, এইসব উদ্যোগে তাদের সমর্থনের জন্য।"

**অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন,** "লুমিনেট NY অ্যাক্সিলারেটর কর্মসূচি পুরো বিশ্বজুড়ে সর্বাধিক সৃজনশীল ও গতিশীল আলো প্রযুক্তির স্টার্টআপকে আকৃষ্ট করে। এই প্রতিযোগিতার বিজয়ীরা পুরো NYS-জুড়ে আমাদের অপটিক্স, ফোটোনিক্স ও ইমেজিং শিল্পকে অগ্রসর করবে। লিডরোটেক দলকে অভিনন্দন! আমরা ফিঙ্গার লেকস অঞ্চলে আপনাদের কোম্পানির বিকাশ দেখার জন্য অধীর আগ্রহী। লিডরোটেকের নতুনত্ব ও উদ্ভাবনশীলতা আমাদের এলাকায় চাকরির সুযোগ ও বিনিয়োগ আনা অব্যাহত রাখবে। আমাদেরকে অবশ্যই তাদের ভিশন ও সাফল্যের সাথে মিলিয়ে সমতার কর্মীবাহিনী বিকাশ কর্মসূচি প্রদান করতে হবে যা শুধু আমাদের উদীয়মান এবং বর্ধিষ্ণু শিল্পখাতগুলিকেই সমর্থন করবে না বরং আমাদের সম্প্রদায়ের সকল সদস্যের জন্য ক্যারিয়ারের পথ প্রদান করবে।"

**মনরো কাউন্টি নির্বাহী অ্যাডাম বেলো বলেন,** "লিডরোটেক এবং লুমিনেট NY কর্মসূচির সকল বিজয়ীদের অভিনন্দন, এটি গ্রেটার রচেস্টার অঞ্চলজুড়ে উদ্ভাবকদের অনুপ্রাণিত করে যাচ্ছে এবং আগামী দিনের ব্যবসার কাজ শুরু করে দেওয়া অব্যাহত রেখেছে। "ধন্যবাদ গভর্নর ক্যাথি হোকল এবং লুমিনেট NY-কে, আমাদের সম্প্রদায়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি পালন করা অব্যাহত রাখার জন্য, যা আমাদের প্রতিবেশীদের জন্য মানসম্পন্ন চাকরি প্রদান করছে এবং আমাদের অর্থনীতিকে জোরদার করছে।"

**রচেস্টারের মেয়র মালিক এভান্স বলেন**, "লুমিনেট NY অ্যাক্সিলারেটর আমাদের শহরকে একটি বিশাল অর্থনৈতিক জোর প্রদান করে এবং রচেস্টারের অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিংয়ের ইতিমধ্যেই বিদ্যমান ভারী জালকে আরো সম্প্রসারিত করে। আমরা লুমিনেট ফাইনালস আয়োজন করতে পেরে অত্যন্ত খুশি এবং লিডরোটেককে এই অঞ্চলে সাদরে স্বাগত জানাচ্ছি। সকল বিজয়ীদের অভিনন্দন এবং গভর্নর হোকল ও ফিঙ্গার লেকস ফরোয়ার্ড উদ্যোগকে (Finger Lakes Forward Initiative) ধন্যবাদ আমাদের নাগরিকদের সুবিধার জন্য এইসব গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার জন্য।"

লুমিনেট NY-র ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন https://luminate.org/।

নেক্সটকর্পসের ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট https://nextcorps.org/করুন।

**ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা**

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) হচ্ছে নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418